RICE EDUCATION

Daily

Current Affairs

WBCS পরীক্ষার জন্য

DATE

2nd Nov 2026

WBCS-এর জন্য দৈনিক কারেন্ট অ্যাফেয়ার্স

2nd November, 2026

পুরস্কার ও সম্মাননা

১. কুরুক্ষেত্রে স্বামী শ্রদ্ধানন্দজির বলিদান শতবার্ষিকী অনুষ্ঠানে রাষ্ট্রপতির যোগদান



- **রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু কুরুক্ষেত্রে আয়োজিত স্বামী শ্রদ্ধানন্দজির বলিদান শতবার্ষিকী (Balidan Shatabdi Samaroh)** অনুষ্ঠানে বক্তব্য রাখেন। স্বামী শ্রদ্ধানন্দজির আত্মবলিদানের ১০০ বছর পূর্তি উপলক্ষে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।
- অনুষ্ঠানে রাষ্ট্রপতি জাতীয় ঐক্য ও সাম্প্রদায়িক সম্প্রীতি প্রতিষ্ঠায় স্বামী শ্রদ্ধানন্দজির নিরলস প্রচেষ্টার কথা তুলে ধরেন। বিশেষভাবে উল্লেখ করেন দিল্লির জামা মসজিদ থেকে তাঁর ঐতিহাসিক ভাষণের কথা, যা সাম্প্রদায়িক সম্প্রীতির এক উল্লেখযোগ্য দৃষ্টান্ত।
- এছাড়াও, অস্পৃশ্যতা দূরীকরণ এবং দলিত সম্প্রদায়ের উন্নয়নে তাঁর অবদানের কথা তুলে ধরেন রাষ্ট্রপতি। স্বামী শ্রদ্ধানন্দজি বিশ্বাস করতেন, সামাজিক বৈষম্য বৈদিক আদর্শের পরিপন্থী এবং প্রকৃত জাতীয় উন্নতির জন্য সমাজে সম্পূর্ণ সাম্য প্রতিষ্ঠা করা জরুরি।

২. কয়লা মন্ত্রকের স্টার রেটিং অ্যাওয়ার্ডস (ভারত)

ভারত সরকারের কয়লা মন্ত্রক কয়লা ও লিগনাইট খনির দক্ষতা, নিরাপত্তা ও পরিবেশগত স্থিতিশীলতায় দৃষ্টান্তমূলক কাজের স্বীকৃতি দিতে ২ নভেম্বর ছত্তিশগড়ের রায়পুরে আনুষ্ঠানিক স্টার রেটিং অ্যাওয়ার্ডস অনুষ্ঠানের আয়োজন করছে।

৩. প্রদ্যুম্ন বল স্মৃতি পুরস্কার (ভারত)

- বিশিষ্ট সাংবাদিক ও রাজনীতিকের স্মৃতিতে প্রতি বছর নভেম্বরের শুরুতে এই পুরস্কার দেওয়া হয়। পুরস্কারপ্রাপকদের নাম (এঁদের মধ্যে প্রবীণ সাংবাদিক ও অগ্রণী মহিলারাও রয়েছেন) ২ নভেম্বর আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হবে।



৪. প্রসার ভারতীর প্রকৌশলী এবিইউ ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং এক্সেলেন্স অ্যাওয়ার্ড ২০২৬ পেলেন

প্রসার ভারতীর প্রকৌশলী নংমাইথেম নন্দকুমার সিং তাঁর প্রযুক্তিগত উদ্ভাবনের জন্য এবিইউ ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং এক্সেলেন্স অ্যাওয়ার্ড ২০২৬ জিতেছেন। তাঁর উদ্ভাবনের মধ্যে রয়েছে DDPlayout সফটওয়্যার এবং DDSlowMo রিপ্লে সিস্টেম।

নিয়োগ ও খবরে ব্যক্তিত্ব

১. আইআরইডিএ-র চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর পদে নিযুক্ত হলেন জতিন কুমার নায়ক



- ২০২৬ সালের ৩০ অক্টোবর মন্ত্রিসভার নিয়োগ কমিটি জতিন **কুমার নায়ককে আইআরইডিএ-র চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর পদে নিয়োগ করেছে।**
- এর আগে তিনি বিদ্যুৎ মন্ত্রকের অধীনে থাকা বিখ্যাত মহারত্ন সরকারি সংস্থা আরইসি লিমিটেডের নির্বাহী অধিকর্তা (অর্থ) ছিলেন।

২. এয়ার মার্শাল ইন্দরপাল সিং ওয়ালিয়া বায়ুসেনার পরবর্তী উপপ্রধান নিযুক্ত হলেন



- **এয়ার মার্শাল ইন্দরপাল সিং ওয়ালিয়া ২০২৬ সালের ১ নভেম্বর ভারতীয় বায়ুসেনার ভাইস চিফ অব দ্য এয়ার স্টাফ (Vice Chief of the Air Staff)** হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন। তিনি এয়ার মার্শাল অশুতোষ দীক্ষিতের স্থলাভিষিক্ত হন।
- এর আগে তিনি ইস্টার্ন এয়ার কমান্ডের (Eastern Air Command) প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। ১৯৮৮ সালে তিনি ভারতীয় বায়ুসেনায় কমিশন লাভ করেন। তিনি একজন অভিজ্ঞ ফাইটার পাইলট এবং একাধিক গুরুত্বপূর্ণ ফাইটার স্কোয়াড্রন ও Tactics and Air Combat Development Establishment (TACDE)-এর নেতৃত্ব দিয়েছেন।
- এছাড়াও, তিনি জাপান ও দক্ষিণ কোরিয়ায় ভারতের ডিফেন্স অ্যাটাশে (Defence Attaché) হিসেবে দায়িত্ব পালন করেছেন। তাঁর উল্লেখযোগ্য সামরিক অবদানের স্বীকৃতিস্বরূপ তাঁকে বায়ুসেনা পদক (Vayu Sena Medal) এবং অতি বিশিষ্ট সেবা পদক (Ati Vishisht Seva Medal) প্রদান করা হয়েছে।

সরকারি প্রকল্প



১. প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি নয়াদিল্লির ভারত মণ্ডপমে ESTIC ২০২৬ উদ্বোধন করলেন

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি নয়াদিল্লির ভারত মণ্ডপমে দ্বিতীয় ESTIC ২০২৬-এর উদ্বোধন করেছেন। সিএসআইআর ও সিএসআইআর-এনআইআইএসটি এই সম্মেলনের আয়োজন করেছে। সম্মেলনে কৃত্রিম বুদ্ধিমত্তা, কোয়ান্টাম যোগাযোগ ও জৈবপ্রযুক্তি-সহ ১২টি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে।

২. MoLE অসংগঠিত, গিগ ও প্ল্যাটফর্ম শ্রমিকদের জন্য জাতীয় সামাজিক সুরক্ষা বোর্ড গঠন করল



শ্রম ও কর্মসংস্থান মন্ত্রক সামাজিক সুরক্ষা বিধি, ২০২০-এর অধীনে অসংগঠিত, গিগ ও প্ল্যাটফর্ম শ্রমিকদের জন্য দুটি জাতীয় সামাজিক সুরক্ষা বোর্ড গঠন করেছে। বোর্ড দুটির চেয়ারম্যান **কেন্দ্রীয় মন্ত্রী মনসুখ মান্ডবিয়া**। তিন বছরের মেয়াদে এই বোর্ডগুলি কল্যাণমূলক প্রকল্পের সুপারিশ করবে এবং সেগুলির কাজকর্ম নজরে রাখবে।

শীর্ষ সম্মেলন


১.বাণিজ্য সচিব শ্রী রাজেশ আগরওয়াল ব্রাসেলসে ইউরোপীয় কমিশনের আধিকারিক ও শিল্প প্রতিনিধিদের সঙ্গে উচ্চস্তরের বৈঠক করলেন



- বাণিজ্য সচিব **রাজেশ আগরওয়াল** ব্রাসেলসে উচ্চস্তরের বৈঠক করেছেন। বৈঠকের উদ্দেশ্য ছিল **India–EU মুক্ত বাণিজ্য চুক্তির (এফটিএ) আলোচনা** এগিয়ে নেওয়া। আলোচনায় বাজারে প্রবেশাধিকার ও সরবরাহ শৃঙ্খলের সহনশীলতার ওপর জোর দেওয়া হয়। তিনি ইউরোপীয় ইউনিয়নের ডিরেক্টর-জেনারেলদের সঙ্গে টেকসই উন্নয়ন(sustainable development), পরিচ্ছন্ন জ্বালানি ও ডিজিটাল শুল্ক ব্যবস্থা নিয়ে কথা বলেন, যাতে বাণিজ্য আরও সহজে চলতে পারে।

বিবিধ

১. ভগবান বুদ্ধের পবিত্র স্মৃতিচিহ্ন (Sacred Relics)এসে পৌঁছল তাওয়াং মঠে; অরুণাচল প্রদেশের বৌদ্ধ ঐতিহ্যে প্রদর্শনী এক গুরুত্বপূর্ণ মুহূর্ত



- অরুণাচল প্রদেশের মুখ্যমন্ত্রী পেমা খান্ডু এবং কেন্দ্রীয় মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত শাক্যমুনি বুদ্ধের পবিত্র স্মৃতিচিহ্ন (Sacred Relics) গ্রহণ করেছেন তাওয়াং মঠে। লাবাব দুচেন উপলক্ষে সেখানে এক মাস ধরে প্রদর্শনী চলবে। ঐতিহাসিক পিপরাওয়া দেহাবশেষ নভেম্বর মাস জুড়ে তাওয়াং, বোমডিলা ও নামসাইয়ে প্রদর্শিত হবে। প্রধানমন্ত্রী মোদি এই উদ্যোগের প্রশংসা করেছেন। এর অঙ্গ হিসেবে থাকছে **"আনআর্থিং দ্য সেক্রেড পিপরাওয়া"** প্রদর্শনী এবং শান্তি, করুণা ও বিশ্বজুড়ে আধ্যাত্মিক যোগাযোগ বাড়াতে হিমালয় অঞ্চলের বৌদ্ধধর্ম নিয়ে একটি আন্তর্জাতিক সম্মেলন।

২. মাননীয় কেন্দ্রীয় মন্ত্রী শ্রী রাজীব রঞ্জন সিং ২০২৬ সালের ২–৩ নভেম্বর সিকিমের গ্যাংটক ও মঙ্গন জেলা সফরে যাবেন



- কেন্দ্রীয় মন্ত্রী **রাজীব রঞ্জন সিং** পশুপালন ও দুগ্ধ খাতকে এগিয়ে নিতে সিকিম সফর করছেন। সফরে তিনি এনপিডিডি-র অর্থে তৈরি একটি মাইক্রোবায়োলজি ল্যাবরেটরির উদ্বোধন করবেন, শ্বেত বিপ্লব ২.০-এর আওতায় ৭২টি নতুন দুগ্ধ সমবায় সমিতির সূচনা করবেন এবং স্থানীয় চুরপি চিজের জন্য একটি ট্রেসেবিলিটি (উৎস শনাক্তকরণ) ব্যবস্থা চালু করবেন। এই সফরে কেন্দ্রের চলমান অর্থসাহায্যের কথাও তুলে ধরা হবে, যার মধ্যে রয়েছে **দেশীয় সিরি গবাদি পশু সংরক্ষণের জন্য ₹২৭.৬৩ কোটি এবং উচ্চ জিনগত মানসম্পন্ন ইয়াক ষাঁড়ের জন্য ₹১ কোটি**। এর লক্ষ্য বাজারে প্রবেশাধিকার বাড়ানো, সরবরাহ শৃঙ্খলের নিরাপত্তা নিশ্চিত করা এবং কৃষকদের জীবিকার উন্নতি ঘটানো।


৩. চোল ঐতিহ্যের সন্ধান: ব্রোঞ্জের শ্রেষ্ঠ নিদর্শন পাওয়া গেল নাগপট্টিনমে

তামিলনাড়ু রাজ্য প্রত্নতত্ত্ব বিভাগ (TNSDA) নাগপট্টিনমে দ্বাদশ শতকের ভগবান নটরাজ ও দেবী শিবকামীর ব্রোঞ্জ-সংকর ধাতুর মূর্তি মাটি খুঁড়ে উদ্ধার করেছে। এর থেকে চোল যুগের ধর্মীয় ঐতিহ্য এবং উন্নত ধাতুবিদ্যার দক্ষতার পরিচয় পাওয়া যায়।

- **অবস্থান:** নাগপট্টিনম জেলা, তামিলনাড়ু।
- **আবিষ্কারকারী সংস্থা:** তামিলনাড়ু রাজ্য প্রত্নতত্ত্ব বিভাগ (TNSDA)।
- **সময়কাল:** চোল যুগ (আনুমানিক খ্রিস্টীয় দ্বাদশ শতক)।
- **আবিষ্কার:** মূর্তিগুলি প্রায় এক মিটার গভীরে পাওয়া গেছে।
- **উপাদান:** ব্রোঞ্জ-সংকর ধাতু।



৪. বঙ্গোপসাগরে সৃষ্টি হয়েছে ঘূর্ণিঝড় 'মুরাসু'; দক্ষিণ ওড়িশায় সতর্কতা জারি



- রবিবার (২০২৬ সালের ১ নভেম্বর) বঙ্গোপসাগরের গভীর নিম্নচাপ শক্তি বাড়িয়ে **ঘূর্ণিঝড় 'মুরাসু'**-এ পরিণত হয়েছে। এর ফলে ওড়িশা সরকার রাজ্যের দক্ষিণ অংশে প্রস্তুতি আরও জোরদার করেছে বলে আধিকারিকরা জানিয়েছেন। আবহাওয়া দপ্তর (আইএমডি) তাদের সর্বশেষ বুলেটিনে জানিয়েছে, বঙ্গোপসাগরে ঘূর্ণিঝড় **'মুরাসু'** তৈরি হয়েছে এবং ৩ নভেম্বর তা অন্ধ্রপ্রদেশের উপকূলে আছড়ে পড়তে পারে।

৫. ভারতে চরম দারিদ্র্যের 'ঐতিহাসিক' হ্রাস: বিশ্বব্যাংকের রিপোর্ট উল্লেখ করে প্রধানমন্ত্রী মোদি



- **প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি** বিশ্বব্যাংকের একটি রিপোর্টের প্রশংসা করেছেন। রিপোর্টে বলা হয়েছে, বিশ্বে সবচেয়ে দ্রুত দারিদ্র্য কমানো দেশগুলির মধ্যে ভারত অন্যতম। ইনস্টাগ্রামে এক পোস্টে শ্রী মোদি উল্লেখ করেছেন, দারিদ্র্যের এই "ঐতিহাসিক" হ্রাস থেকে বোঝা যায়, এক প্রজন্মের মধ্যে সুযোগ অনেক বেড়েছে।

অনুশীলনী প্রশ্ন

১. ২০২৬ সালের ১ নভেম্বর কুরুক্ষেত্রে স্বামী শ্রদ্ধানন্দজির বলিদান শতাব্দী সমারোহে কে ভাষণ দিয়েছিলেন?

(ক) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি
(খ) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু
(গ) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ
(ঘ) উপরাষ্ট্রপতি সি. পি. রাধাকৃষ্ণন

উত্তর: (খ) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু

২. DDPlayout ও DDSlowMo-এর মতো প্রযুক্তিগত উদ্ভাবনের জন্য ২০২৬ সালের এবিইউ ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং এক্সেলেন্স অ্যাওয়ার্ড কে পেয়েছেন?

(ক) জতিন কুমার নায়ক
(খ) নংমাইথেম নন্দকুমার সিং
(গ) রাজেশ আগরওয়াল
(ঘ) ইন্দরপাল সিং ওয়ালিয়া
উত্তর: (খ) নংমাইথেম নন্দকুমার সিং

৩. ২০২৬ সালের ৩০ অক্টোবর ইন্ডিয়ান রিনিউয়েবল এনার্জি ডেভেলপমেন্ট এজেন্সির (IREDA) চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর (সিএমডি) পদে কাকে নিয়োগ করা হয়েছে?

(ক) জতিন কুমার নায়ক
(খ) রাজেশ আগরওয়াল
(গ) মনসুখ মান্ডবিয়া
(ঘ) নংমাইথেম নন্দকুমার সিং
উত্তর: (ক) জতিন কুমার নায়ক

৪. ২০২৬ সালের নভেম্বরে বঙ্গোপসাগরে তৈরি হওয়া ঘূর্ণিঝড় মুরাসু ভারতের কোন রাজ্যের উপকূলে আছড়ে পড়তে পারে?

(ক) ওড়িশা
(খ) পশ্চিমবঙ্গ
(গ) অন্ধ্রপ্রদেশ
(ঘ) তামিলনাড়ু
উত্তর: (গ) অন্ধ্রপ্রদেশ

৫. নাগপট্টিনমে সম্প্রতি আবিষ্কৃত ভগবান নটরাজ ও দেবী শিবকামীর ব্রোঞ্জ-সংকর ধাতুর মূর্তিগুলি কোন ঐতিহাসিক যুগের?

(ক) পল্লব যুগ
(খ) চোল যুগ
(গ) পাণ্ড্য যুগ
(ঘ) বিজয়নগর যুগ
উত্তর: (খ) চোল যুগ

***